# সবুজ পাহাড়ের স্বাস্থ্য বার্তা

## গ্রীনহিল-সূর্যের হাসি ক্লিনিক

অক্টোবর-ডিসেম্বর ২০২২

বর্ষ-১ । সংখ্যা-৩



## UN Resident Coordinator, Head of UN Agencies and Their Excellencies in Bangladesh কর্তৃক গ্রীনহিল মহালছড়ি সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন

১৫ নভেম্বর, ২০২২ খ্রিঃ তারিখে জাতীয় পর্যায়ে বেসরকারী উন্নয়ন সংস্থা গ্রীন হিল কর্তৃক পরিচালিত এবং USAID এর অর্থায়নে বাস্তবায়িত জাতীয় প্রকল্প Advancing Universal Health Coverage (AUHC) Project এবং UNFPA অর্থায়নে সহায়ক প্রকল্প Strengthening Maternity and Child Health Services Delivery (SMCHSD) কার্যক্রম সরেজমিন পরিদর্শনের জন্য মহালছড়ি সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করেন Mr. Stefan Liller – UNDP Resident Representative, Ms. Kristine Blokhus – UNFPA Country Representative, Mr. Robert Simpson – FAO Country Representative, Mr. Sheldon Yett – UNICEF Country Representative, H.E. Mr. Charles Whiteley – Head of EU Delegation, H.E. Mr. Robert Chatterton Dickson – UK High Commissioner, H.E. Mr. Espen Rikter-Svendsen – Norway Ambassador and Ms. Gwyn Lewis – UN Resident Coordinator প্রমূখ। এছাড়াও জাতিসংঘের বিভিন্ন এজেন্সির স্থানীয়/পার্বত্য চট্টগ্রামের প্রতিনিধি ও কর্মকর্তাবৃন্দ পরিদর্শনে অংশগ্রহণ করেন। প্রথমে অতিথিদের ফুলের তোড়া ও উত্তরীয় দিয়ে বরণ করে নেন গ্রীন হিলের কর্মকর্তা কর্মচারী এবং স্থানীয় প্রতিনিধিবৃন্দ। মহালছড়ি সূর্যের হাসি ক্লিনিকের কার্যক্রম পরিমর্শন করার পর পর মা ও কিশোরী দলের সাথে মাতৃ স্বাস্থ্য এবং শিশু স্বাস্থ্য বিষয়ে মতবিনিময় করেন। সূর্যের হাসি ক্লিনিকের কার্যক্রম দেখে অতিথিরা অত্যন্ত খুশি এবং প্রশংসা করেন। পরিদর্শনের সময় আরও উপস্থিত ছিলেন মহালছড়ি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ ধনিষ্ঠা চাকমা, মহালছড়ি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, গ্রীন হিলের উপ-নির্বাহী পরিচালক মিঃ যতন কুমার দেওয়ান, পরিচালক (অর্থ ও প্রশাসন) মিঃ উপাল কান্তি মুৎসুদ্দী ও প্রকল্প পরিচালক জনাব সাইলু মং মারমা ও মানস মুকুল চাকমা, মনিটরিং এ্যান্ড ইভালুয়েশন অফিসারসহ গ্রীন হিলের অন্যান্য কর্মকর্তা ও কর্মচারীসহ স্থানীয় প্রতিনিধিবৃন্দ।

## প্রকল্পের ভৌগোলিক এলাকা




| জেলা | রাঙ্গামাটি | খাগড়াছড়ি | বান্দরবান |
|---|---|---|---|
| উপজেলা | কাপ্তাই | পানছড়ি | রোয়াংছড়ি |
| | রাজস্থলী | লক্ষীছড়ি | রুমা |
| | বরকল | মাটিরাঙ্গা | থানচি |
| | বিলাইছড়ি | মানিকছড়ি | আলীকদম |
| | নানিয়ারচর | রামগড় | |
| | বাঘাইছড়ি | মহালছড়ি | |
| | জুরাছড়ি | | |
| | লংগদু | | |

## এক নজরে প্রধান স্বাস্থ্য সেবাসমূহের লক্ষ্যমাত্রা ও অর্জন

| ইনডিকেটর সমূহ | টার্গেট | অর্জন |
|---|---|---|
| ১। গর্ভকালীন সেবা (ANC) | ২২৬৫ | ২২০৫ |
| ২। প্রসবোত্তর সেবা (PNC) | ৩১৭ | ৩৫৪ |
| ৩। নবজাতকের অত্যাবশকীয় পরিচর্যা (ENC) | ৪৩৪ | ৪৯২ |
| ৪। পরিবার পরিকল্পনা প্রজনন স্বাস্থ্য(FPRH) | ১৫৬২৫ | ১৬৮০৬ |
| ৫। নরমাল ডেলিভারী (NVD) | ২৯০ | ৩২১ |
| ৬। টিকাদান কর্মসূচী(EPI) | ১০৭১ | ১১৩৮ |
| ৭। গড় খরচের রিকোভারী (Cost Recovery) | ৮.৯২% | ৬.৯১% |
| ৮। মোট সেবা প্রদানের সংখ্যা (Total Service Contact) | ৪৬৬০০ | ৪৯৯২৭ |
| ৯। মোট পুরুষ রোগী সেবা প্রদানের সংখ্যা (Total male service contact) | ৩৯৭০ | ৪৬০৬ |

## মহান বিজয় দিবস উপলক্ষে সূর্যের হাসি ক্লিনিক তথা গ্রীন হিলের পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধাজ্ঞাপন-১৬ই ডিসেম্বর ২০২২

১৬ই ডিসেম্বর ২০২২ মহান বিজয় দিবস উপলক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক তথা AUHC প্রকল্প ও গ্রীন হিলের পক্ষ থেকে পুষ্পস্তবক অর্পণ ও শ্রদ্ধাজ্ঞাপন করা হয়। এতে জেলা ও উপজেলা পর্যায়ের বিভিন্ন কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ স্বতঃস্ফূর্তভাবে অংশগ্রহণের মাধ্যমে শ্রদ্ধা জ্ঞাপন করেন।




## ক্লিনিক পরিদর্শন

### USAID-AUHC এর ক্লিনিক পরিদর্শন

১৭-১৮ই অক্টোবর ২০২২ ইং তারিখ গ্রীন হিল পরিচালিত নানিয়ারচর ও কাপ্তাই সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করেন USAID-AUHC হতে আগত ডাঃ রেজোয়ানা ফেরদৌস, কোয়ালিটি ইমপ্রুভমেন্ট স্পেশালিস্ট, সার্ভিস ডেলিভারী এ্যান্ড কোয়ালিটি এ্যসুরেন্স ও ওয়াকারুল হক নাজভি, টেকনিক্যাল এ্যাডভাইজার, সার্ভিস ইমপ্রুভমেন্ট, ইনোভেশন এ্যান্ড এস্কপানশন, এইউএইচসি। পরিদর্শনকালে তাঁরা ক্লিনিকের সার্বিক অবস্থা পর্যবেক্ষণ করেন, বিশেষ করে নানিয়ারচর ক্লিনিকের এএনসি (ANC) বান্ডেল (Bundle) এবং কাপ্তাই ক্লিনিকের কোয়ালিটি ডেলিভারী বান্ডেল দেখেন এবং মূল্যবান পরামর্শ প্রদান করেন। এছাড়াও ক্লিনিক পরিদর্শনের উপর ভিত্তি করে ১৯অক্টোবর গ্রীন হিল প্রধান কার্যালয়ে এক মতবিনিময় সভার মাধ্যমে ফিডব্যাক দেন এবং ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে দিক নির্দেশনা ও এমএনএইচকিউআই (MNH-QI) কার্যক্রম সম্প্রসারণ নিয়ে আলোচনা করেন।



## ক্লিনিক পরিদর্শন

# USAID-AUHC এর ক্লিনিক পরিদর্শন

১ ও ২ নভেম্বর ২০২২ ইং তারিখ যথাক্রমে গ্রীন হিল মহালছড়ি ও মাটিরাঙ্গা সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করেন USAID-AUHC হতে আগত ডাঃ রেজোয়ানা ফেরদৌস, কোয়ালিটি ইমপ্রুভমেন্ট স্পেশালিস্ট, সার্ভিস ডেলিভারী এ্যান্ড কোয়ালিটি এ্যাসুরেন্স ও ওয়াকারুল হক নাজভি, টেকনিক্যাল এ্যাডভাইজার, সার্ভিস ইম্পুর্ভমেন্ট, ইনোভেশন এ্যান্ড এস্কপানশন, এইউএইচসি। মহালছড়ি ক্লিনিকের কোয়ালিটি ডেলিভারী বান্ডেল ও মাটিরাঙ্গা ক্লিনিকের এএনসি বান্ডেল এর ডকুমেন্ট রিভিউ করেন এবং চলমান কোয়ালিটি ডেলিভারী ও প্রসব পূর্ববতী সেবার ভালো দিকসমূহ নিয়ে প্রশংসা করেন। বান্ডেল বিষয়ক ও আসন্ন (১৫ নভেম্বর'২০২২) জনসংখ্যা উন্নয়ন তহবিল (UNFPA) টীম মহালছড়ি ক্লিনিক পরিদর্শন বিষয়ে গুরুত্বপূর্ন পরামর্শ ও দিকনির্দেশনা প্রদান করেন। এছাড়াও গ্রীনহিলের এইউএইচসি প্রকল্পের সিনিয়র ম্যানেজম্যান্ট টীমও ০২ নভেম্বর'২০২২ইং তারিখে এ ক্লিনিক পরিদর্শন করেন। পরিদর্শন দলে ছিলেন প্রকল্প ডাইরেক্টর মিঃ সাইলু মং মারমা, মনিটরিং অফিসার ডাঃ উদয় শংকর দেওয়ান (সাবেক সিভিল সার্জন, খাগড়াছড়ি), M&E অফিসার মিঃ মানস মুকুল চাকমা, এ্যাসিসটেন্ট এএমআইএস অফিসার মিজ. সীমা তংচঙ্গ্যা ও গ্রীনহিলের অফিস ম্যানেজার মিজ. দৃষ্টি চাকমা।

# GAC-UNICEF-UNFPA Health Team কর্তৃক গ্রীন হিল বরকল সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন

ডিসেম্বর ১৩, ২০২২ ইং তারিখ Global Affairs Canada (GAC)-UNICEF-UNFPA Health Team কর্তৃক বরকল সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে হেলথ্ টীম ক্লিনিকের তথা প্রকল্পের কার্যক্রম নিয়ে বিভিন্ন বিষয় জানতে চান এবং ক্লিনিকের কার্যক্রম নিয়ে তাঁরা সন্তোষ প্রকাশ করেন। উক্ত টীমে ছিলেন ডাঃ মোমেনা খাতুন, Health Advisor Canadian High Commission, Dhaka, ফারজানা সুলতানা, Development Advisor, Global Affairs Canada (GAC), ডাঃ শারমিন সুলতানা, UNICEF, ডাঃ মো ঃ আজাদ, UNFPA, রওশান আরা, National Midwife, UNFPA, ডাঃ দেলোয়ারা বেগম, UNICEF, ডাঃ স্বর্না বাড়ই, UNFPA, সুমন চাকমা, UNFPA । এছাড়াও গ্রীনহিল ম্যানেজম্যান্ট হতে উপস্থিত ছিলেন যতন কুমার দেওয়ান, উপনির্বাহী পরিচালক, গ্রীন হিল, উপাল কান্তি মুৎসুদ্দী, পরিচালক, ফাইন্যান্স এ্যান্ড এ্যাডমিন, সাইলু মং মারমা, প্রকল্প পরিচালক, এ্হইউএইচসি প্রকল্প, গ্রীন হিল ও মানস মুকুল চাকমা, মনিটরিং ও ইভালুয়েশন অফিসার, গ্রীন হিল।



# পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ প্রতিনিধি কর্তৃক ক্লিনিক পরিদর্শন এবং ফ্রি মেডিকেল ক্যাম্প ও রক্তের গ্রুপ নির্ণয় এ সহযোগিতা

২০ অক্টোবর ২০২২ ইং তারিখ গ্রীন হিল পরিচালিত বরকল সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করেন এবং ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজন করা হয় । উক্ত হেল্থ ক্যাম্পকে সার্বিকভাবে গ্রীন হিলের পক্ষ হতে সহযোগিতা করা হয়। একইভাবে ২১ অক্টোবর ২০২২ ইং তারিখ বরকল উপজেলার দূর্গম ও ভারত সীমান্তবর্তী এলাকা ঠেগামূখে গ্রীন হিলের সহযোগিতায় হেল্থ ক্যাম্প পরিচালনা করা হয়। গ্রীন হিলের সূর্যের হাসি ক্লিনিকের সার্বিক কার্যক্রম/সেবা প্রদান বিষয়ে পরিদর্শনকারী দল সন্তোষ প্রকাশ করেন এবং এই ধরনের স্বাস্থ্য সেবা আরও দূর্গম এলাকায় প্রদানের জন্য অনুরোধ করেন, এই ধরনের মহতি উদ্যোগে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ সার্বিক সহযোগিতার হাত বাড়িয়ে দেবে বলে অঙ্গীকার করেন। পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের সম্মানীত সদস্য শ্রী সৌখিন চাকমা ও শ্রী দীপক চাকমা, অফিসার ও গ্রীন হিল হতে ডাঃ উদয় শংকর দেওয়ান, মনিটরিং অফিসার, গ্রীনহিল ও সাবেক সিভিল সার্জন, মানস মুকুল চাকমা, মনিটরিং এ্যান্ড ইভাল্যুয়েশন অফিসার, উক্ত টীমে ছিলেন। এছাড়াও সরকারী প্রতিনিধি হিসেবে ডাঃ জীতেন্দ্রীয় তঞ্চঙ্গ্যা, লেকচারার, রাঙ্গামাটি মেডিকেল কলেজ উক্ত টীমের সদস্য হিসেবে অংশগ্রহণ করেন।




# DGHS কর্তৃক রোয়াংছড়ি সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন

১২ ডিসেম্বর ২০২২ইং তারিখ রোয়াংছড়ি উপজেলা গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক পরিদর্শন করেন DGHS প্রকল্প থেকে ডাঃ ফকরুননেসা। ক্লিনিক পরিদর্শনকালে তিনি বলেন "ক্লিনিকের পরিবেশ ও সেবা সমূহ সন্তোষজনক" এবং "সাফ কথা" লিফলেট ক্লায়েন্টদের কাউন্সিলিং ও বিতরণের জন্য DGHS প্রকল্প পক্ষ থেকে তিনি ক্লিনিকে প্রদান করবেন।



# ক্লিনিক পরিদর্শন

## জনসংখ্যা উন্নয়ন তহবিল (UNFPA) এর ক্লিনিক পরিদর্শন

২ নভেম্বর ২০২২ ইং তারিখ গ্রীন হিল মহালছড়ি পরিদর্শন করেন ইউএনএফপিএ প্রতিনিধি মিঃ সুমন চাকমা, ফিল্ড অফিসার ও ডাঃ শ্রাবন্তী চাকমা, জেলা এসআরএইচআর অফিসার, খাগড়াছড়ি। তাঁরা আসন্ন ১৫ নভেম্বর ২০২২ এর ইউএনএফপিএ লীড পরিদর্শন বিষয়ে আলোচনা করেন এবং মূল্যবান পরামর্শ প্রদান করেন।

## পরিবার পরিকল্পনা সেবা সপ্তাহ-২০২২ পালন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পরিবার পরিকল্পনা বিভাগের উদ্যোগে "সময়মতো নিলে পরিবার পরিকল্পনা পদ্ধতি শিশু ও মাতৃস্বাস্থ্যের হবে উন্নতি" প্রতিপাদ্যকে সামনে রেখে পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উপলক্ষে ১৭-২২ ডিসেম্বর গ্রীনহিল পরিচালিত রুমা সূর্যের হাসি ক্লিনিক কর্তৃক বিনামূল্যে হেলথ্ ক্যাম্প ও রক্তের গ্রুপ নির্ণয় অনুষ্ঠান আয়োজন করা হয়। হেলথ্ ক্যাম্পে মোট ৬১ জন সেবা গ্রহীতাকে সম্পূর্ণ বিনামূল্যে সাধারণ সেবা ও ২১ জন মাকে প্রসব পূর্ববতী সেবা প্রদান ও রক্তের গ্রুপ নির্ণয় করা হয়। পাশাপাশি সকল সেবাগ্রহীতাকে প্রেসক্রিপশন অনুসারে বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়েছে। এই মহৎ উদ্যোগের জন্য উপজেলা প্রশাসন ও সংশ্লিষ্ট সরকারী বিভিন্ন বিভাগ গ্রীনহিলের সূর্যের হাসি ক্লিনিকের কার্যক্রমকে ভূয়সী প্রশংসা করেন। পরিবার পরিকল্পনা বিভাগের সেবা সপ্তাহ উপলক্ষে মা ও কিশোর-কিশোরী সমাবেশ, উঠান বৈঠক, ব্লাড গ্রুপিংসহ বিভিন্ন প্রোগ্রামে গ্রীন হিল পরিচালিত অন্যান্য সূর্যের হাসি ক্লিনিকের প্রতিনিধিরা অংশগ্রহণ করেন।



# ত্রৈমাসিক/কোয়াটারলি পারফরম্যান্স রিভিউ মিটিং

২৯ ডিসেম্বর ২০২২ ইং বৃহস্পতিবার গ্রীন হিল AUHC প্রকল্পের ত্রৈমাসিক পারফরম্যান্স রিভিউ মিটিং অনুষ্ঠিত হয় । উক্ত মিটিং এ তিন পার্বত্য জেলার ১৮টি সূর্যের হাসি ক্লিনিক হতে আগত ক্লিনিক ম্যানেজার ও ইনচার্জগণ অংশগ্রহণ করেন। উক্ত মিটিং এ ক্লিনিক ইনচার্জ তাঁদের দায়িত্বপ্রাপ্ত ক্লিনিকের ত্রৈমাসিক অগ্রগতি, সমস্যা, সম্ভাবনা, সম্ভাব্য সমাধান বিষয়ে আলোচনা ও পর্যালোচনা করা হয়। পাশাপাশি ভবিষ্যৎ পরিকল্পনা নিয়েও মতবিনিময় ও দিক নির্দেশনা প্রদান করা হয়। মিটিং এ উপাল কান্তি মুৎসুদ্দী, পরিচালক- ফাইন্যান্স এ্যান্ড এ্যাডমিন, সাইলু মং মারমা, প্রকল্প পরিচালক, এইউএইচসি প্রকল্প, গ্রীন হিল, মনিটরিং অফিসার ডাঃ উদয় শংকর দেওয়ান (সাবেক সিভিল সার্জন, খাগড়াছড়ি পার্বত্য জেলা ও সহকারী পরিচালক, ডিজি হেলথ্, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার), মনু তংচঙ্গ্যা, ম্যানেজার, ফাইন্যান্স এ্যান্ড এ্যাডমিন ও এম এ্যান্ড ই অফিসার মানস মুকুল চাকমা এবং খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার এ্যাসিসটেন্ট এএমআইএস অফিসার ও জেলা প্রতিনিধি রুপান্ত চাকমা ও সীমা তঞ্চঙ্গ্যা অংশগ্রহণ করেন।



## এনজিও সমন্বয় সভা

৮ নভেম্বর ২০২২ইং তারিখ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদের আয়োজনে পরিষদ সম্মেলন কক্ষে এনজিও সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সমন্বয় সভায় গ্রীন হিল 'সূর্যের হাসি ক্লিনিকের' খাগড়াছড়ি জেলার প্রতিনিধি ও এএমআইএস (AMIS) অফিসার মিঃ রুপান্ত চাকমা অংশগ্রহণ করেন এবং প্রকল্পের অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন। এনজিও সভায় সভাপতিত্ব করেন খাগড়াছড়ি জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান মংসুইপ্রু চৌধুরী। এছাড়াও জেলার সরকারী বিভিন্ন বিভাগের প্রতিনিধি ও এনজিও কর্মকর্তারা উপস্থিত ছিলেন। তিনি বলেন যেসব এনজিও স্বাস্থ্য সেবা নিয়ে কাজ করেন স্বাস্থ্য বিভাগের সাথে সমন্বয় করে পার্বত্য প্রত্যন্ত অঞ্চলে দরিদ্র হত দরিদ্ররা যাতে স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত না হয় সেদিকে লক্ষ্য রেখে কাজ করার আহবান জানান।

## জেলা ও উপজেলার বিভিন্ন সরকারী অফিসের মাসিক সমন্বয় সভায় অংশগ্রহণ

রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান সিভিল সার্জন কার্যালয়ে অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর'২০২২ মাসের মাসিক সমন্বয় সভায় গ্রীন হিল এইউএইচসি প্রকল্প থেকে প্রতিনিধিরা অংশগ্রহণ করেন । রাঙ্গামাটি জেলায় প্রকল্প পরিচালক মিঃ সাইলুমং মারমা ও ডাঃ উদয় শংকর দেওয়ান, মনিটরিং অফিসার ও সাবেক সিভিল সার্জন, বান্দরবান জেলার সহকারী এমআইএস অফিসার সীমা তঞ্চঙ্গ্যা এবং খাগড়াছড়ি জেলার জেলা সমন্বয়কারী মি. রুপান্ত চাকমা প্রকল্পের তথা সংস্থার প্রতিনিধি হিসেবে অংশগ্রহণ করেন। সভায় গ্রীন হিলের এইউএইচসি প্রকল্প কার্যক্রমের অগ্রগতি বিষয়ে উপস্থাপন করা হয় এবং সিভিল সার্জন মহোদয় ও সংশ্লিষ্ট অন্যান্য সরকারী কর্মকর্তাগণ কার্যক্রমের অগ্রগতি নিয়ে প্রশংসা করেন । এ ধারা অব্যাহত রাখার জন্য সর্বাত্মক সহযোগিতা করার আশ্বাস প্রদান করেন। এছাড়াও গ্রীনহিলের সংশ্লিষ্ট প্রকল্পভূক্ত ১৮ উপজেলায় দায়িত্বপ্রাপ্ত ম্যানেজারগণ স্ব স্ব উপজেলায় সরকারী বিভিন্ন বিভাগের মাসিক সমন্বয় সভায় নিয়মিতভাবে অংশগ্রহণের মাধ্যমে প্রকল্পের তথা সংস্থার চলমান কার্যক্রম সম্পর্কে তুলে ধরেছেন।



## স্কুলের শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকাদান কর্মসূচী কার্যক্রমে সহযোগিতা প্রদান

নভেম্বর ০৮, ২০২২ইং তারিখে থানচি উপজেলায় স্বাস্থ্য কমপ্লেক্সের জাতীয় কোভিড-১৯ পেডিয়াট্রিক ফরমুলেশন ফাইবার বায়োএনটেক ভ্যাকসিন ৫-১১ বছর বয়সী শিক্ষার্থীদের টিকাদান কর্মসূচী কার্যক্রমে থানচি বলিপাড়া বাজার সরকারী প্রাথমিক বিদ্যালয়ে গ্রীনহিল সূর্যের হাসি ক্লিনিকের সহযোগিতায় মোট ২৭৯ জনকে টিকা প্রদান করেন। তার মধ্যে ছেলে ১৫১ ও মেয়ে ১২৮ জনকে সফলভাবে টিকা প্রদান করা হয়েছে। এছাড়াও ১৫ নভেম্বর ২০২২ইং তারিখ রুমা উপজেলার রুমা উপজাতীয় আবাসিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে কোভিড-১৯ টিকা প্রদানে রুমা সূর্যের হাসি ক্লিনিক হতে সর্বাত্মক সহযোগিতা প্রদান করা হয়।



## পরিবার পরিকল্পনা সেবা সপ্তাহ-২০২২ অনুষ্ঠানে গ্রীনহিল বান্দরবান সূর্যের হাসি ক্লিনিক এর অংশগ্রহণ ও সহযোগিতা প্রদান



'সময়মত নিলে পরিবার পরিকল্পনা পদ্ধতি, শিশু ও মাতৃস্বাস্থ্যের হবে উন্নতি' এ প্রতিপাদ্যকে সামনে রেখে ৬দিন ব্যাপী পরিবার পরিকল্পনা সেবা সপ্তাহ ২০২২ উদ্‌যাপন করা হয়। গ্রীনহিল-এইউএইচসি প্রকল্পভূক্ত এলাকায় বিশেষ করে বান্দরবান পার্বত্য জেলার থানচি, আলীকদম, রুমা ও রোয়াংছড়ি উপজেলায় গ্রীনহিল সূর্যের হাসি ক্লিনিক পরিবার পরিকল্পনা সেবা সপ্তাহ-২০২২ এর বিভিন্ন অনুষ্ঠানে সক্রিয়ভাবে অংশগ্রহণ ও সহযোগিতা করেছে। পাশাপশি, রোয়াংছড়িতে ১৮ ও ১৯ ডিসেম্বর ২০২২ ইং তারিখে যথাক্রমে কচ্ছপতলীতে একটি উঠান বৈঠক ও স্যাটেলাইট ক্যাম্প এবং গ্রীন হিল সূর্যের হাসি ক্লিনিক প্রাঙ্গনে আরও একটি উঠান বৈঠক ও একটি স্যাটেলাইট ক্যাম্প এর আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রোয়াংছড়ি উপজেলার উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব শান্তিজয় তঞ্চঙ্গ্যা ও এলাকার গন্যমান্য ব্যক্তিবর্গ।

## পরিবার কল্যাণ সেবা ও প্রচার উদ্‌যাপন উপলক্ষে এডভোকেসি সভা

১৭-২২ ডিসেম্বর ২০২২ খ্রিঃ পযর্ন্ত পরিবার কল্যাণ সেবা ও প্রচার সপ্তাহ উদযাপন উপলক্ষে ১৪ ডিসেম্বর ২০২২ খ্রিঃ তারিখ খাগড়াছড়ি জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে সম্মেলন কক্ষে এডভোকেসি সভা অনুষ্ঠিত হয়। লক্ষিছড়ি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা বাবু সোহাগ ময় চাকমার সঞ্চালনায় উক্ত সভায় সভাপতিত্ব করেন জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়ে উপ-পরিচালক জনাব এমরান হোসেন চৌধুরী, প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খাগড়াছড়ি জেলা পরিষদের মাননীয় চেয়ারম্যান বাবু মংসুইপ্রু চৌধুরী। এছাড়াও জেলার সরকারী/বেসরকারী সংস্থার প্রতিনিধি উপস্থিত ছিলেন।



## সম্প্রসারিত টিকাদান কর্মসূচী (EPI) কার্যক্রমে সহযোগিতা প্রদান

গ্রীন হিল থানচি সূর্যের হাসি ক্লিনিক কর্তৃক ১৮ অক্টোবর, ৩ নভেম্বর ও ১৪ ডিসেম্বর'২০২২ ইং তারিখে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের চলমান সম্প্রসারিত টিকাদান কর্মসূচীতে (EPI) সার্বিক সহযোগিতা প্রদান করা হয়। এতে উপজেলার সংশ্লিষ্ট সরকারী কর্মকর্তারা গ্রীন হিল ক্লিনিকের কার্যক্রম নিয়ে সন্তোষ প্রকাশ করেন এবং সরকারী বিভিন্ন কার্যক্রমে সহযোগিতার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন। এছাড়াও ১৮ ডিসেম্বর ২০২২ ইং তারিখ থানচি উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের উদ্যোগে ও গ্রীন হিল সুর্যের হাসি ক্লিনিকের সমন্বয়ে টিএনটি পাড়ায় একটি উঠান বৈঠক ও স্যাটেলাইট ক্যাম্প অনুষ্ঠিত হয়। উক্ত ক্যাম্পে উপস্থিত ছিলেন থানচি উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা অনাদি রঞ্জন বড়ুয়াসহ অন্যান্য কর্মকর্তাবৃন্দ।

## স্যাটেলাইট ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্যসেবা প্রদান



ডিসেম্বর ২১, ২০২২ইং তারিখ সূর্যের হাসি ক্লিনিক এর মাধ্যমে মানিকছড়ি উপজেলায় বড়ইতলী গ্রামে স্যাটেলাইট ক্যাম্প আয়োজন করা হয়। উক্ত স্যাটেলাইট ক্যাম্প পরিচালনা করেন মিজ. হৈমন্তী দেওয়ান, প্যারামেডিক, তাকে সহযোগিতা করেন মিজ. চিংউসাং মারমা, ক্লিনিক এইড। স্যাটেলাইটের মাধ্যমে মা ও শিশু স্বাস্থ্য সেবা, পরিবার পরিকল্পনা সেবা, সাধারণ রোগের চিকিৎসা, যোগাযোগের মাধ্যমে আচরনগত পরিবর্তন, পুষ্টি ও জেন্ডার সেবা প্রদান করা হয়। স্যাটেলাইট ক্লিনিকে মোট ১৬০ জন ক্লাইন্টকে সেবা প্রদান করা হয়েছে। এর মধ্যে শিশু ১০ জন, মহিলা ৯০ জন এবং পুরুষ ৬০ জন। স্যাটেলাইটের মাধ্যমে নিয়মিত স্বাস্থ্যসেবা দোরগোড়ায় পৌঁছে দেওয়ায় গ্রীন হিল সংস্থাকে আন্তরিকভাবে ধন্যবাদ ও কতৃজ্ঞতা প্রকাশ করেন এলাকাবাসী।

USAID
FROM THE AMERICAN PEOPLE

Green Hill
Transforming the Marginalized

সূর্যের হাসি ক্লিনিক
হাসি মুখে সেবা

**যোগাযোগঃ** সাইলু মং মারমা, প্রকল্প পরিচালক, AUHC প্রকল্প, মোবাইলঃ ০১৮২৮৮১৮৬৭১, **প্রধান কার্যালয়,** ইন্দ্রানী হাউজ, চম্পকনগর, রাঙ্গামাটি পার্বত্য জেলা।